Public Health and Well-being: GIS has become an indispensable tool in public health. By mapping the spread of diseases, health officials can identify hotspots, understand transmission patterns, and allocate resources more effectively. The integration of demographic and environmental data with health data can also help in identifying vulnerable populations and planning for healthcare infrastructure. During the COVID-19 pandemic, GIS was extensively used for contact tracing and managing containment zones.

Poverty Alleviation and Inclusive Growth: Identifying and targeting the most vulnerable sections of society is a key challenge for any government. RS and GIS help in creating detailed poverty maps by correlating factors like land use, access to infrastructure, and environmental hazards with socio-economic data. This allows for more effective targeting of welfare schemes and development programs.

Sustainable Management of Natural Resources: India's rich natural resources are under immense pressure. RS and GIS play a crucial role in their sustainable management. Satellite imagery is used for forest cover monitoring, detecting illegal mining, and managing water resources. The National Land Records Modernization Programme in India is a testament to the power of these technologies in creating a transparent and efficient system of land administration.

Pioneering the Future of Planning: The application of RS and GIS extends beyond socio-economic development to encompass all aspects of modern planning:

Urban Planning and Smart Cities: As Indian cities continue to grow at an unprecedented rate, managing this expansion sustainably is a major challenge. RS and GIS are vital tools for urban planners, aiding in land use planning, monitoring urban sprawl, and planning for infrastructure like roads, water supply, and sanitation. The Indian government's Smart Cities Mission heavily relies on these technologies to create more efficient and liveable urban spaces.

Rural Development and Connectivity: In rural areas, GIS is used for planning and monitoring the development of infrastructure such as roads, schools, and health centres. By analysing spatial data, planners can identify the most optimal locations for new facilities to ensure maximum accessibility and impact.

Environmental Management and Disaster Resilience: In an era of increasing climate-related disasters, RS and GIS are critical for both mitigation and response. Satellite data is used for flood mapping, landslide zonation, and monitoring cyclones. This information helps in developing early warning systems and in planning effective relief and rescue operations.



দ্যা প্রেসিডেন্ট

ভারত গৌরব অমল কৃষ্ণ চক্রবর্তী

Director cum Chief Administrative Officer, Pctegis

Retd. W.B.C.S (Exe), Ex-Addl.pay & Accounts Officer, Govt. of W.B

দাদা আমাকে চোখ রাঙাচ্ছে কেন? আবার বলছো তুমি নাকি প্রেসিডেন্ট, তা কোন দেশের প্রেসিডেন্ট? না কোন সংস্থার প্রেসিডেন্ট? তা তো বলছো না। অবশ্য বললেও আমার কিছু এসে যায় না। কেননা আমি একটি পতঙ্গ মাত্র। প্রাণের টানে ইচ্ছের টানে এদিক ওদিক ঘুরে বেড়ায় কখনো কারোর ঘরে ঢুকে যায়, কখনো কারো জামা কাপড়ে বসে পরি, তারপর উড়ে চলে যায়। কাজেই তুমি কি তা আমার জানতে ইচ্ছে ও করে না। নেহাত তুমি কানের সামনে দাপাদপি করছো তাই জানতে পারলুম। তুমি নাকি আবার মানুষ তা তাই মানুষ শব্দের মানে কি আমি তো যা জানি তা হল মান আর হুশ। মানে যার সম্মান আছে এবং যার সম্মুখ জ্ঞান আছে। যার সম্মুখ জ্ঞান আছে সে কখনো কারো ক্ষতি করতে চায় না, সবাইকে নিয়ে বাঁচতে চাই। সবার মধ্যে আমরাও পড়ি। সেই আমরা যারা বিশ্ব জনসংখ্যার শতকরা ৮৫ শতাংশ। আমাদের অন্তর্ভুক্ত হলো ক্ষুদ্রাতি ক্ষুদ্র পোকা মাকড় থেকে গান গাওয়া পাখি ইত্যাদি। আমরা কিন্তু সবাই তোমাদের কোনো না কোনো ভাবে উপকার করি। তোমরা এসব বইতে পড়ো পড়াও কিন্তু বাস্তবে মানো না। আমাদের তোমরা বাঁচতেই দিতে চাও না। আর তাইতো সব জায়গায় ঝোপ জঙ্গল গুলো সাফ করে বাড়ি বানাও খেত খামার বানাও সেখানে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার কর। মাটি হয় বিষাক্ত আর আমাদের শত শত বন্ধু যেমন কিছু সাপ, ঈদুর উইপোকা সবাই মারা পরে। আমরা আশ্রয়হারা হই। কিন্তু বাঁচার জন্য লড়াই ছাড়ি না। তোমরা যে ফল খাও যে শাকসবজি খাও সেই গাছেই আমরা আশ্রয় নি। আমাদের বিষে সেই সব গাছের ফল বিষাক্ত হয়। তোমাদের মধ্যে ছড়িয়ে পড়ে নানান রকম অসুখ। তোমরা দূর দূরান্তে কথা বলার জন্য কি সব মেশিন ব্যবহার কর তাতে আমাদের বন্ধু পাখিগুলো বিলুপ্ত হয়ে যাচ্ছে। আবার সেই সঙ্গে গাছের ফলগুলো আকার ছোট হয়ে যাচ্ছে। তবুও তোমরা থামছো না। মাটির তলার জল কোন কিছু চিন্তা না করে যথেষ্ট ভাবে তুলে নিচ্ছ। তাতেও আমাদের ক্ষতি হচ্ছে মাটির নিচের তাপমাত্রা ভীষণভাবে বাড়ছে। তাতে তুমি দেশের প্রেসিডেন্ট হও সংস্থার প্রেসিডেন্ট হও তাতে আমাদের কোন লাভ নেই। কিন্তু তোমাদের এই কাজের জন্য তোমরাও বিলুপ্ত হয়ে যাবে দীর্ঘদিনের জন্য তোমরাও আমাদের সঙ্গে ঘূমের দেশে চলে যাবে। আর আমাদের সকলের উপরে থাকবে বরফের ভারি চাদর।



অতএব দেখো কি করবে? প্রচুর পরিমাণে গাছ লাগিয়ে জলবায়ু দূষণ দূর করে আমাদের সকলকে বাঁচাবে, না পৃথিবীর কোন প্রাণী যাতে না বাঁচে তোমরা তার ব্যবস্থা করবে। ভেবে দেখো আচ্ছা নমস্কার।

एक साथ की ताक़त

कुमारी मुमताक लेगो

Finance cum Administrative Officer-Pctegis

एक मेज़, कुछ कुर्सियाँ,
इन्हीं से बनता है सपनों का जहाज़।
अलग-अलग सोच, अलग-अलग काम,
फिर भी एक डोरी से बंधा-हम सबका संग-साथ।

कोई नापे ज़मीन, कोई बनाए नक्शा,
कोई लाए डेटा, कोई रखे हिसाब सच्चा।
कोई देखे क्लाइंट, कोई लिखे कोड,
साथ मिलकर ही बनता है हमारा रोड।

कभी मतभेद, कभी होती भूल,
फिर भी एकता ही है जो खोले सब कूल।
सम्मान, भरोसा और आदर की छाया,
यही तो है हमारे ऑफिस की माया।

चाय की प्याली में बातें पनपे,
सुबह-सुबह चेहरे हँसी में चमके।
दोपहर में बँटे टिफिन की थाली,
साथ हो जब कोई-तो मुश्किल भी टाली।

हम जो जुड़े हैं धरती की बातों से,
काम करें धैर्य, ज्ञान और प्यारों से।
हाथ में हाथ, टीम बनकर चलें,
इस बंधन में ही-हमारा ऑफिस पलें ।

"পরিচ্ছন্ন ফাইন্যান্স ও শান্তিপূর্ণ অফিস"

সুদীপ মন্ডল

Accountant-Pctegis

কলকাতার এক মাঝারি মানের সফটওয়্যার কোম্পানিতে সুমন দত্ত ছিল সিনিয়র অ্যাকাউন্টেন্ট। অফিসে সবাই ওকে 'এক্সেল কিং' বলে ডাকত। ফর্মুলা আর পিভট টেবিল তার নখদর্পণে। কিন্তু সমস্যা শুরু হল যখন বস একদিন বললেন —

"সুমন, এই মাসের ফাইন্যান্স রিপোর্টে বেশ কিছু গড়মিল আছে। যাচাই করো। কোম্পানির খরচ বাড়ছে কিন্তু ইনভয়েন্স ম্যাচ করছে না।"

সুমন কাঁধ ঝাঁকিয়ে বলল, "এইটা আমার জন্য চা খাওয়ার মতো সোজা কাজ বস!"

দুপুরের মধ্যে সে বসকে রিপোর্ট পাঠিয়ে দিল। কিন্তু বসের উত্তর এল এক লাইনের:

"খুব ভালো, এখন তুমি বোঝাও কীভাবে ক্যাশ ফ্লো নেগেটিভে গেল?"

সুমনের মাথায় হাত! খরচ, বিলিং, সেলার পেমেন্ট সব ঠিক থাকলেও অফিসে টাকা যেন জলে গিয়েছে।

পরদিন সুমন ঠিক করল, সে অফিসের পুরো খরচ নিজে যাচাই করবে। প্রথমেই সে দেখল:

মিটিংয়ের জন্য প্রতি সপ্তাহে তিনবার ক্যাটারিং সার্ভিস আসে, অথচ মিটিং হয় সপ্তাহে মাত্র একবার!

অফিসের গাড়ি মেইনটেনেন্সের খরচ তিন মাসে দ্বিগুণ! "এন্টারটেইনমেন্ট" খাতে অপ্রয়োজনীয় খরচ!

সারাদিন ধরে এক্সেল আর ফাইল ঘেঁটে সে সন্ধ্যায় রিপোর্ট দিল: "বস, টাকার অর্ধেকই যাচ্ছে অপ্রয়োজনীয় খাতে। এক মাস সঠিক বাজেটিং করলে ৩০% খরচ কমানো সম্ভব।"

বস হেসে বললেন, "তাহলে তোমাকে প্রমোশন না দিয়ে উপায় আছে?"

সুমনও বলল, "প্রমোশন থাক, আপাতত এক কাপ ফ্রি চা দিলেই চলবে। আজকের পর থেকে অফিসের খরচে হিসেব থাকবে চোখে চোখে!"

সুমন পরের সপ্তাহেই একটা নতুন আইডিয়া নিয়ে বসের কাছে গেল। সে বলল,

"বস, শুধু খরচ কমানো না, অফিসে ফাইন্যান্সের ট্রান্সপারেন্সি দরকার। আমি একটা সিস্টেম বানাতে চাই—সব খরচ রিয়েল টাইমে সবাই দেখতে পারবে।" বস একটু অবাক হলেন,

কিন্তু রাজি হলেন। সুমন পুরানো ফাইল ঘেঁটে দেখল—

কিছু ডিপার্টমেন্ট ইচ্ছেমতো বাজেট ব্যবহার করছে। ইলেকট্রনিক্সিটি বিল অকারণে বেড়ে গেছে।

পুরনো সফটওয়্যারের জন্য লাইনসেন্স রিনিউ হচ্ছে, অথচ সে সফটওয়্যার কেউ ব্যবহারই করে না!

তিন মাসে পুরো অফিসের খরচ ৪০% কমে গেল।

স্টাফরা বলল, “সুমন দা, এখন অফিসে যেন সত্যি সত্যিই টাকা বাঁচছে।”

সুমন হেসে বলল, “টাকা বাঁচানোর জন্য বাজেট কাটছাট দরকার হয় না, দরকার সচেতনতা। সবার হিসেব খোলামেলা থাকলে ফাঁকি দেয়ার সুযোগ থাকে না।”

ছয় মাস পরে কোম্পানি লাভে গেল। সুমন পদোন্নতি পেল। শুধু প্রমোশনই না, বস তাকে বলল,

“সুমন, তুমি প্রমাণ করেছে—স্মার্ট ম্যানেজমেন্ট মানেই বড় সেভিংস।”

সুমন হাসল, “টাকা তো থাকতে হবে কোম্পানির সাথেই—পকেটে না হারিয়ে!”

সুমন, যখন অফিসের খরচ কমানোর যুদ্ধে লড়ছিল, তখন একমাত্র পাশে ছিল দেবলীনা রায় — অফিসের সিনিয়র HR ম্যানেজার। দেবলীনা সবসময় স্টাফদের ভালো-মন্দের কথা মাথায় রাখতেন, সবাই তাঁকে বলত “অফিসের বড় দিদি।”

একদিন দেবলীনা দেখল, কিছু স্টাফ বিরক্ত—

“অন্য খরচ কমানো ভালো, কিন্তু আমাদের টিম লাঞ্চ ক্যান্সেল করা ঠিক হয়নি।”

সুমন টেনশনে পড়ল, কিন্তু তখন দেবলীনা বললেন,

“শোনো সুমন, খরচ কমাতে হবে ঠিক, কিন্তু স্টাফদের মোটিভেশনও দরকার। ওরা যদি খুশি না থাকে, প্রোডাক্টিভিটি কমে যাবে।”

দুজন মিলে একটা নতুন পদ্ধতি বানাল—

অপ্রয়োজনীয় খরচ বাদ, স্টাফ ওয়েলফেয়ার বাজেট সেভ রাখা, প্রতি মাসে ‘স্মার্ট সেভার টিম’ পুরস্কার চালু মাসে একবার স্মল টিম আউটিং।

পরের মাসে দেখা গেল, অফিসে খরচ কমেছে, কিন্তু স্টাফদের মন খারাপ হয়নি বরং উৎসাহ বেড়েছে।

বছর শেষে কোম্পানির বার্ষিক মিটিংয়ে বস বললেন,

“এই বছরের সবচেয়ে সফল জুটি হলো— ফাইন্যান্সের সুমন আর HR-এর দেবলীনা!”

সুমন মুচকি হেসে দেবলীনা দিদিকে বলল, “দিদি, ফাইন্যান্স তো টিকল হিসেব দিয়ে, কিন্তু অফিস টিকল আপনাদের মতো ভালো HR দিয়ে।”

দেবলীনা হেসে বললেন,

“একটা অফিসে টাকা থাকতে হবে ব্যাংকে আর হাসি থাকতে হবে কর্মীদের মুখে।”

উপসংহার: স্মার্ট ফাইন্যান্স ম্যানেজমেন্টের সাথে ভালো HR পলিসি মিললে অফিসে লাভও আসে, শান্তিও আসে।

চলো পাল্টাই

সন্তোষ মণ্ডল

Office Assistant- Pctegis

যদি না পাল্টায় আমি,
পাল্টে যাবে সময়
বাস্তব পরিবর্তন হবেই
আর পরিবর্তনের হইবে সবাই।।

সময়ের সাথে সাথে
কিছু মানুষ চিনতে চিনতে
বুঝতে পারবো যখন আমরা
এ মানুষ তো ছিল কালো ভ্রমরা
যদি বিশ্বাস কর তাকে
সে কামড় দেবে তোমাকে।।

Care the Earth

তাই বলি শুধু একটিবার
তোমরা শোনো সবাই
ভাবিয়া করিও কাজ,
করিয়া ভাবিও না
সময় একবার চলে গেলে
আর ফিরাইয়া পাইবে না।।

উড়িষ্যার ভ্রমণ অভিজ্ঞতা

কিরণ সৌ

Senior Research Fellow-Pctergis

দিন

টা ছিল সেপ্টেম্বর মাসের শেষের দিকে। হঠাৎ করে একদিন শুনলাম অফিসের কাজে উড়িষ্যায় যেতে হবে। সেখানে এক ক্লাইন্ট রিসোর্ট তৈরি করবে তাই সার্ভে করতে হবে। এরপর অক্টোবর মাসের প্রথম দিনেই আমরা বেরিয়ে পড়ি পুরীর উদ্দেশ্যে। ট্রেনের টিকিট আগে থেকে কাটা ছিল আমার সঙ্গে ছিল শুভঙ্কর এবং তনিমা। আমরা প্রথমে বোলপুর থেকে হাওড়া এবং হাওড়া থেকে সাঁতরাগাছি গিয়ে পৌঁছালাম। আর সেখান থেকে পুরী। পুরী পৌঁছালাম আমরা ভোরের দিকে। সেখানে আমাদের রিসিভ করতে আসার জন্য গাড়ি আসার কথা ছিল কিন্তু আমরা জানতে পারলাম কোন একটা কারণে গাড়ি আসতে পারবে না তাই আমাদের হোটেলে গিয়ে উঠতে হবে। এরপর আমরা গাড়ি ভাড়া করে হোটেলে উদ্দেশ্যে পাড়ি দিলাম এবং সমুদ্রের কাছাকাছি একটা হোটেলে গিয়ে উঠলাম। আমাদের প্ল্যান ছিল পুরীর জগন্নাথ মন্দিরে পূজা দিয়ে তারপর আমরা কাজের জায়গায় যাব। হোটেলে পৌঁছানোর পর আমি আর শুভঙ্কর দা চলে গেলাম সমুদ্রে স্নান করতে। কিছুক্ষণ সমুদ্রের স্নান করার আনন্দ উপভোগ করার পর হোটেলে ফিরে এলাম এবং রেডি হয়ে গেলাম মন্দিরে যাওয়ার জন্য। আমরা ফোন করে জানতে পারলাম যে আমাদের নিতে গাড়ি মন্দিরের কাছেই আসবে। তাই আমরা মন্দিরের কাছে গিয়ে পৌঁছালাম। এরপর আমরা জগন্নাথ দর্শন করে বেরিয়ে এলাম। ততক্ষণে আমাদের গাড়ি এসে গেছে। এর পর আমরা ব্রেকফাস্ট করলাম। ব্রেকফাস্ট ছিল ইডলি আর সাশ্বার এবং বাকিরা নিয়েছিল ধোসা তাই আমরা ভাগাভাগি করে খেয়ে নিলাম। এরপর আমরা যাত্রা করলাম বেরহামপুরের উদ্দেশ্যে যেখানে আমাদের জন্য এক নতুন অভিজ্ঞতা অপেক্ষা করছিল। আমরা পৌঁছালাম ছাতা পাকা নামে একটা জায়গায় ঘুরতে তখন দুপুর একটা। এরপর ওখানে ফরেস্ট অফিসে দেখা করে জানতে পারলাম যে আমাদের এবার বোট করে যেতে হবে। এরপর আমরা ফেরিঘাটে পৌঁছালাম সেখানে অপেক্ষা করছিল এক নতুন অভিজ্ঞতা। এখানে গিয়ে দেখি আমাদের জন্য একটা নৌকা অপেক্ষা করছে।

আমরা সেখানে গিয়ে দেখি একটা লোক নৌকা নিয়ে আমাদের জন্য অপেক্ষা করছে। লোকটাকে দেখে মনে মনে খুব ভয় হল। তার চেহারা অনেকটা অসুরের মত দেখতে। চোখগুলো বড় টাঙ্গি গোঁফ এবং মোটাসোটা চেহারা। যাই হোক আমরা নৌকায় উঠে বসলাম। এরপর আমরা চললাম গন্তব্যস্থলে উদ্দেশ্যে। আমরা এখন চিলকা হ্রদের মধ্যে দিয়ে যাচ্ছি আমাদের নৌকা এগিয়ে চলল সামনের দিকে। চারিদিকে শুধু জল আর জল আর নৌকার ভটভটির আওয়াজ। হঠাৎ আবার মনে এত ভয় হতে লাগলো ভাবলাম এখান দিয়ে যাওয়ার তো এটাই একমাত্র পথ যদি আমাদের সেখানে নিয়ে গিয়ে বন্দি করে ফোন কেড়ে নেয় তাহলে আমাদের সবই যোগাযোগ ব্যবস্থা ছিল হয়ে যাবে। এই কথা মনে হয় ভাবতে ভাবতে প্রায় কুড়ি মিনিট পর পৌঁছালাম একটা গ্রামে। গ্রামটার নাম বেরহামপুর। সেখানে একটা ফরেস্ট বাংলোতে আমাদের থাকার ব্যবস্থা হয়েছিল। বাংলোটা বেশ সুন্দর



চিলকা হ্রদের পাশেই অবস্থিত। আমাদের নৌকা ঘাটে পৌঁছানোর পর আমরা নৌকা থেকে নেমে পড়লাম। আমাদের ছেড়ে দিয়ে নৌকা আবার যেন কোথায় চলে গেল। আমাদের জন্য সেখানে আগে থেকেই অপেক্ষা করছিল সেখানকার কেয়ারটেকার। তিনি আমাদের রুম দেখিয়ে দিলেন এবং বললেন ফ্রেশ হয়ে নিতে এবং খাবারের জন্য বিল্ডিং এ যেতে কারণ তখন আমাদের

দুটো বেজে গিয়েছিল। আমরা বাটপট স্নান করার পর চলে গেলাম পাশের বিল্ডিং সেখানে খাওয়া দাওয়ার ব্যবস্থা করা হয়েছিল। সেখানে গিয়ে আমরা তো অবাক আমাদের খাবারে জায়গাটা ছিল দোতালায়। সেখান থেকে চিলকা হ্রদ টি খুব সুন্দর দেখাচ্ছিল। যাই হোক এরপর আমরা খাবারের দিকে মনোযোগ দিলাম খাবারে ছিল ভাত, ডাল, আলু ভাজা, তরকারি এবং এটা সামুদ্রিক মাছের কারি। মাছটা আগে কোনদিন খাইনি। মাছটার নাম জিঙাসা করতে যে নামটা বল কিন্তু আমার নামটা মনে নেই যাই হোক পেট ভরে খেয়ে দেয়ে তখন আমাদের একটু শান্তি।

খাওয়ার পর আমাদের ক্লাইন্ট আমাদের জন্য অপেক্ষা করছিল তার সঙ্গে কিছু কাজের কথাবার্তা সেরে নিলাম সে আমাদের বলল যে বিকালবেলা সেই নৌকার লোকটা আমাদের সমুদ্রে ঘোরাতে নিয়ে যাবে। এরপর আমরা একটু রেস্ট নিয়ে বিকেল চারটার সময় বেরিয়ে পড়লাম। দেখলাম হাটে নৌকা দাঁড়িয়ে আছে এবং সেই লোকটি, যে লোকটিকে খারাপ মনে হয়েছিল, সে আসলে খুবই ভালো একজন মানুষ। নৌকায় যাবার পর সে আমাদের জিজ্ঞাসা করল যে আমরা সমুদ্র দেখতে যাব নাকি ডলফিন দেখতে যাব। তারপর সে নিজে থেকেই বলল যে তোমাদের সমুদ্র দেখাতে নিয়ে যাচ্ছি কারণ এই সময় ডলফিন অত দেখা যায় না। আর ডলফিন না দেখতে পেলে আমাদের মন খারাপ হবে। এরপর আমাদের নৌকা ছেড়ে দিল। চারিদিক দেখছিলাম সেখানে কোথাও কোথাও মাছ ধরার জন্য জাল দিয়ে জল আলাদা করা হয়েছে। তারপর আমরা নৌকের সামনে দাঁড়িয়ে ছবি তোলার দিকে মন দিলাম। তাই কোন কুড়ি মিনিট পর আমাদের নৌকা পারে এসে থামল। এরপর নৌকা থেকে নেমে গিয়ে আমরা মুগ্ধ হয়ে গেলাম। কারণ সেখানে ছিল উত্তাল সমুদ্র বড় বড় ঢেউ পারে আছড়ে পড়ছে। সেখানে কিছুটা সময় কাটানোর পর আমরা সেখানে থাকা একটা দোকানে গেলাম এবং চা খেতে খেতে গল্প করলাম। এরপর আমরা আবারো রওনা দিলাম আমাদের বাংলোর উদ্দেশ্যে। এখানে পৌঁছানোর পর কেয়ারটেকার আমাদের আলুর পকোড়া এবং চা দিয়ে গেল। সেগুলি খুব সুন্দর ভাবে উপভোগ করলাম। এরপর আমরা গিয়ে বসলাম চিন্কা হ্রদের পাশে, সেখানকার প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার জন্য। রাত্রি নটার সময় আবার আমাদের রাতের খাবার উপস্থিতি। খাবারই ছিল ভাত ডাল ভাজা একটা তরকারি এবং চিংড়ি মাছ। খুব দেরি না করে শুয়ে পড়লাম কারণ আমাদের সকলেই কাজের জন্য তাড়াতাড়ি ঘুম থেকে উঠতে হবে। আমাদের বের হওয়ার কথা সকাল সাতটায়।

পরে দিন ঘুম থেকে তাড়াতাড়ি উঠে আমরা চা টা খেয়ে রেডি হয়ে গেলাম। আমাদের ক্লায়েন্ট আসার পরেই আমরা আমাদের কাজ শুরু করে দিলাম এবং একটার মধ্যে আমাদের কাজ শেষ করলাম। কাজ সেরে আমরা স্নান করে আবার দুপুরে খাবার খেতে গেলাম। খাওয়ার পর আগের দিনের ঐ লোকটার সঙ্গে আবার গল্প করতে লাগলাম ও বলতে ভুলে গেছি খাবারগুলো কিন্তু খুবই সুস্বাদু এবং খাবারগুলি সে বাড়ি থেকে আমাদের জন্য তৈরি করে নিয়ে আসে। এরপর আমরা ভাবছিলাম আজ বিকালে ডলফিন দেখতে যাব এবং ওই কথাই ছিল এরপর আমরা একটু ঘুমোতে গেলাম। একটু পর হঠাৎ দেখি সেখানকার কেয়ারটেকার সে আমাদের জানালো যে আজকেই আমাদের সেখান থেকে পুরীতে চলে যেতে হবে বাংলাটা এক দিনের জন্য বুকিং ছিল। তাড়াতাড়ি রেডি হয়ে গেলাম এবং জানতে পারলাম যে ওই পারে আমাদের জন্য গাড়ি অপেক্ষা করছে। এরপর আবার সেই নৌকা করে চিন্কার উপর দিয়ে রওনা শুরু করলাম। আজ সে বলল সে আমাদের ডলফিন দেখাবে। কিন্তু আমাদের ভাগ্য ছিল খুবই খারাপ। কারো দেখা মিলল না। এরপর আমরা ঘাটে পৌঁছাতেই দেখি আবার সেই জন্য সেখানে গাড়ি অপেক্ষা করছে এবং গাড়িতে চেপে আমরা রওনা দিলাম। পুরীতে আমাদের পৌঁছাতে রাত্রি আটটা বেজে গেল। সেখানে আমাদের জন্য হোটেল বুক করা ছিল এরপর আমরা সেখানে ব্যাগ রেখে আমরা সমুদ্র বিচে বেড়াতে গেলাম। সেখানে সেখানে আমরা মাছ ভাজা খেলাম এরপর বাজার করে আমরা কিছু গজা কিনে রাতের খাবার খেয়ে হোটেলে ফিরলাম।

পরদিন সকালে স্নান করে আমরা আটটার মধ্যে রেডি হয়ে হোটেল ছাড়লাম সেদিন আমাদের যাওয়ার কথা ছিল কোনারকের সূর্য মন্দির। টোটো আসার পর আমরা তিনজনে তিনজন মিলে রওনা দিলাম কোনারকের উদ্দেশ্যে। আমাদের ফেরার টেন ছিল দুপুর তিনটার সময় তাই আমাদের হাতে সময় ছিল প্রচুর। আমাদের এখানে পৌঁছাতে সময় লাগলো প্রায় দেড় ঘন্টা এরপর সূর্য মন্দিরে কিছুক্ষণ সময় কাটিয়ে আবার আমরা স্টেশনের উদ্দেশ্যে পাড়ি দিলাম। পুরি ঢোকার আগে একটা হোটলে আমরা দুপুরে খাবার খেয়ে নিলাম। খাবার খেয়ে টোটো আমাদের স্টেশনে ছেড়ে দিল। এখানে আমাদের ট্রেন আমাদের জন্য অপেক্ষা করছিল।



মনুষ্যত্ব

প্রিয়া কুমারী সাও

Junior Research Fellow-Pctegis

আজ, কিসের তরে করছি মোরা,

জীবন-মরণ খেলা।

ভারতবর্ষ একের নয়কো.....

সব ধর্মেরই মেলা।

মোরা যতই করি জাতের বিচার,

এক মাটিতেই জন্ম।

মিলে-মিশেই থাকতে হবে,

এটাই মোদের ধর্ম।

হিন্দু মুসলিম, খ্রিস্টান, জৈন,

যতই বলি মোরা ভিন্ন।

সব মতের এই এক পথ যে,

কেউ নয়কো ছিন্ন।

মনে পড়ে নজরুল আর...

রবি ঠাকুরের কথা।

মানবতা আর মনুষ্যত্বই ছিল

তাঁদের জয়গাথা।

নেতাজি আর কালাম ছিলেন,

ভারতের-ই মান।

হিন্দু-মুসলিম সবাই মিলে,

করে তাঁদের সম্মান।

সব জীবের-ই সব ধর্ম,
রয়েছে মানবেরে।
ঠিকঠাক সাজলেই পরে,
মধুর সুর ঝরে।

তবে, মানুষ হয়ে মানুষেরে,
কেন জানায় ধিক্কার।
প্রেম প্রীতির বাঁধনে রয়েছে,
মোদের সংস্কার।

তবে, মিছে কেন ভেদাভেদ,
শুধু ক্ষমতার মোহে।
আজ আছে কাল নেই,
কে-বা তারে চাহে।

তবে, কেনই-বা খেলবো মোরা,
হিংসার হোলি।
এসো-না সবাই মিলে,
হৃদয় দ্বার খুলি।

থাকবো মোরা মিলেমিশে,
করবো না-কো ভয়।
সবাই মিলে এক হলে,
তবেই হবে মানবতার জয়।

BEYOND THE HYPE

Kumar Upavan

Junior Research Fellow-Pctegis

This story has one middle class boy, and his craze related to tech gadgets especially related to mobile phones and how he faced some challenges, or he cross the hurdles to overcome the situation and own this dream phone. So, basically this story has three phases which tells you about his journey from his desire to own an iPhone to phase when he realizes is he properly utilize his phone till last phase.

So, the story starts with the Desire Phase after he got his first Android Phone, he was very much curious and excited about mobile and all these gadgets like stuffs. As he uses his Android Phone, he noticed that that some peoples use Apple iPhone which is recognize as a status symbol during mid-21st century as if anyone own an iPhone other people looks him/her as rich and high class people. So, from that day he has decided to own an iPhone one day and experience why all the high class people are use it and what makes it odd than the normal Android Phones which are commonly used by him and others. Basically, he just wanted to own it once to experience how it feels while use. So, he decided to save some amount from his pocket money or money which he received from relatives, he saves a good amount of money as he turned to 23 years and then he took some amount from his parents and finally the wait is over he purchased his first dream phone which is iPhone 13 in year 2022.



After owning his first iPhone 13 now he is enjoying his Honeymoon Phase, he first time using an iOS Operating System which having Seamless and very Optimized User Experience, Camera Quality which has own reputation in Market Globally. And obviously this phone is very premium compared to others he experienced before all his fascinations and passion related to this phone were getting better and better with day by day uses in his life. But the main reason to purchase this iPhone is just not to fulfil his fascination but rather than he wanted to be an YouTube Content Creator and Esports Player who have his own YouTube Channel and he can upload his Gameplay Videos to his Channel. But unfortunately this plan doesn't work for long so he leave it, then afterwards he just using his phone just like normal one.

Now the Boredom Phase starts from here, he realizes that as long as day, months, years passes the craze and fascination related to this hyped stuff named iPhone is getting low as time passes. Now nothing feels sign of novelty or anything interesting anymore. His all the excitement, fascination and the craze related to his dream phone is now over. So overall this story is all about a middle class boy that how he get his first iPhone his overall craze and fulfilment of his fascination after using it then shows the downfall.

অবৈধ

শুভঙ্কর আদক

Senior Scientific Officer Urban Studies-Pctegis

বৈধতার সীমা ছেড়ে অবাধ পারা পার

করছে তুমি স্বাধীনতার অপব্যবহার!

যুক্তিকথা, স্পষ্ট কথা সবই অর্থহীন

যখন তুমি বুঝবে করছে নিজ হাতে বিশ্বাসের বিলীন।

আয়নার সামনে মুখোশ এর প্রতিচ্ছবি

অতীত ভালোবাসার সাথে শত যোজন এর দূরি।

উত্তর দেওয়া হবে কঠিন বিশ্বাসের প্রতি

কাচের মতোই লাগবে না জোড়া আগের মন দুটি।

নকশার বাইরে মানচিত্র

সুদীপ মন্ডল

Accountant-Pctegis

স্যাটেলাইট চিত্রে ব্যস্ত সব টিম,
ডেটার ভেতরে গড়ে ওঠে ভূ-মীম।
হিটম্যাপ, শেপফাইল, ল্যান্ডকভারের খেলা—
আমি বসে গুনি, হিসাবের ঢেউ মেলা।

ওরা বলে — “নদীটা পাল্টেছে পথ,”
আমি ভাবি — “এই প্রজেক্টে কত খরচ?”

ওরা মাপে ঢাল, তোলে মানচিত্র,
আমি দেখি — ইনভয়েসে আছে কিনা ঠিক লিখিত।

রিমোট সেন্সিং মানে দূর থেকে দেখা,
তবু আমার জীবন কারো চোখ দেয় না ফাঁকা।
ল্যান্ডস্যাট বদলায় ছবির দৃশ্য,
আমি গুনি — ক্যাশবুকের পৃষ্ঠ।

ESRI, QGIS, কোডের বাহার,
আমার পাশে শান্ত এক্সেলের জার্নাল ভার।

বস ভাবে — “শুধুই বিলের কারিগর,”

কে বোঝে, রাত কেটে যায় আমারও ঘুম ভেঙে বহুবার।

প্রকল্পে বাজেট, ক্লায়েন্টের দাবি,
সব সামলাই আমি—নেই কোনো আড়ম্বরের ছবি।
আমি জানি না টপোগ্রাফির খুঁটিনাটি,
তবু আমার ভুলে দাঁড়ায় বিপত্তি।

Gen Z বলে — “সবই অটোমেট করো,”

তারা জানে না, অভিজ্ঞতা কত বড়ো।

ডেটার নীচে যে ঘাম ঝরে চুপে,

আমি সেই ছায়া, থাকি সব কিছুর স্তূপে।

আমি নই স্যাটেলাইট, নই ম্যাপের শিল্পী,

তবু আমার ছায়ায় চলে প্রজেক্টের প্রতিলিপি।

এই রিমোট সেন্সিং দুনিয়ার নেপথ্য আমি,

হিসেবের ভেতরেই গড়ি এক নির্ভরযোগ্য ভূমি।



কোপাই

সিদ্ধেশ্বর পন্ডিত

Senior Scientific Officer –GIS, Pctegis

ছোটনাগপুরের খাজুরীতে সৃষ্টি তার উৎপত্তিস্থল
লাভপুরের কাছাকাছি বঙ্কেশ্বর নদীতে তার সঙ্গমস্থল ।
এরই মাঝে সৃষ্টি অনেক মানবের বসবাস
তারি মাঝে অবস্থিত তারাক্ষর মহাশয় এর অনন্য সৃষ্টি হাঁসুলীর বাঁক
স্থানের সঙ্গে নামের যেমন পরিচিতি
কোথাও সাল কোথাও কোপাই করছে যেন কেমন এক নামেরই অঙ্গীকার ।
কোথাও সরু, কোথাও মোটা
দেখাচ্ছে যেন তার রূপের ছটা ।
গ্রীষ্ম তে যেন সে অতীত মিন বাপু
বর্ষাতে দেখায় যেন সর্বনাশের রিপু ।



কিছু অনুভূতি

-কুণ্ডলা কুন্ডু

Junior Research Fellow-Pctegis

আমরা অনেকে অনেক রকম অনুভূতির সম্মুখীন হই, তার মধ্যেই একটি হলো বিদায়। ‘বিদায়’ একটা ছোট্ট শব্দ, কিন্তু এর মধ্যেই লুকিয়ে থাকে অনেক অব্যক্ত অনুভূতি যা অনেক সময়ই সামনের মানুষটাকে বা মানুষগুলোকে বলা হয়ে ওঠে না। প্রথম বিদায় ছিল স্কুল লাইফের বন্ধুদের থেকে। কিন্তু স্কুলে সেই রকম কোনো স্মৃতি নেই তাই স্কুলের কথা মনে পড়ে না। তারপর কলেজ লাইফ শুরুর হয়েছিল করোনার সময়ে। কলেজ লাইফে অনেক স্মৃতি রয়েছে যার জন্য আজ অবধি এখনও কলেজের কথা মনে পড়ে। কলেজে বা ইনস্টিটিউটে নাকি সেই রকম কাছের বন্ধু হয় না, কিন্তু আমার কাছে এরা কাছের বন্ধু। কলেজের বিদায়ের সময়টা ছিল অদ্ভুত, কারন সেই দিন আবার বাড়ি থেকে বিদায় নিয়ে ছিলাম ইনস্টিটিউট লাইফ শুরুর জন্য। দুটো বছর বাড়ি থেকে দূর অজানা পরিবেশে থাকা আলাদাই এক অভিজ্ঞতা। সেই অভিজ্ঞতার সমাপ্তি হয়েছে কিছু মাস আগে। আমার বুঝতেও পারিনি এত তাড়াতাড়ি এই দুবছর শেষ হয়ে গেল। তখন অধ্যায়ের শেষ মুহুর্তে এসে গেছি, সবার নিজের নিজের বাড়ি ফিরে যাওয়ার সময়ই হয়ে গিয়েছিল। এক এক করে সবাইকে বিদায় জানিয়ে, নিজের যাওয়ার দিনের অপেক্ষায় ছিলাম। ঐশ্বরীয়া, অ্যানি আগে চলে গিয়েছিল, তখনও মন খারাপ হয়েছিল। স্যান্ড্রা যখন বাড়ির যাওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছিল তত দেখে মনে হচ্ছিল এই দুবছর যাদের সারাক্ষণ চোখের সামনেই দেখেছি তাদের সাথে আবার দেখা হবে কি না সেটাই মনে হতো। কাউকে মনে পড়বে না জায়গা থেকে কখন যে সবাইকেই মনে পড়ে ওই জায়গাতে এসে গেছি নিজেও জানি না। দিনটা ছিল 19 মে, আমি, অর্পিতা, নিতু গিয়েছিলাম স্যান্ড্রা কে এয়ারপোর্টে ছাড়তে। এয়ারপোর্টের ভিতরে যাওয়ার আগে স্যান্ড্রা সবাইকেই জড়িয়ে ধরেছিল তখন চার জনের চোখে জল ছিল, তেমনি এখন লিখতে গিয়ে চোখে জল এসে গেছে। তখন অনুভূতি হয়েছিল, যে একটা সেমিস্টার ওদের সাথে কতটা কাছের হয়ে গিয়েছিলাম। সবাই যখন এক সাথে অনেক মজা শুরু করেছিলাম তখনই যেন বিদায়ের সময় এসে গেল। বিদায় দিয়ে আসার পর আর কিছুই ভালো লাগছিল না আমাদের তিন জনের, কারন ওপরে ফ্লোরে আমরা মোটে চার জন। বেশিরভাগ রুম বন্ধ। প্রিয়া, জয়িতা, চলে গেল। আরও অনেকেই বাড়ির চলে যাচ্ছে প্রতিদিন। 22 মে আমারও বিদায়ের সময় হয়েছিল, কিন্তু তখন আমার চোখে জল আসেনি। সবাইকেই হাসি মুখে বিদায় জানিয়ে এসেছিলাম, কারণ তখন খারাপ লাগাটাকে পাত্তাই দিই নি। কিন্তু এখন ওই পুরনো দিনের কথা মনে পড়লেই চোখে জল চলে আসে। যে ইনস্টিটিউট থেকে কবে মুক্ত হবো, কবে দুই বছর শেষ হবে ভেবেছি আজ সেই ইনস্টিটিউট যাওয়ার জন্য ইচ্ছে হয়। সবাইকে আরেক বার দেখতে ইচ্ছে করে। এখন মনে হয় লাস্ট সেমিস্টারে এসেও যারা এত প্রিয় হয়েছে, তাদের সাথে প্রথম থেকেই থাকলে ভালো হত। হোস্টেলে অনেক কিছুই শিখছি। সত্যি বলতে আমার মনে হয় অবাঙালি বন্ধুত্ব অনেক ভালো হতে পারে বাঙালির বন্ধুত্ব থেকে। লাস্ট সেমিস্টার যতবার মন খারাপ হয়েছে, কোনো কিছুই ঠিক করে হচ্ছে না ততবারই নিতু এসে কথা বলে মনখারাপ দূর করে দিত। আজ সেই দিন গুলো খুব মনে পড়ে।



আবার একদিন

কৌশিক মন্ডল

Senior Research Fellow-Pctegis

একদিন আবার আমাদের কথা হবে,
আমাদের কথা হবে মধ্যরাত্রে
স্বপ্নের দেশে গিয়ে
কথা হবে দক্ষিণ মাঠের ধান জমির আল পথে বসে
কিংবা ঈশানী নদীর তীরে বাবলা আর হিজল গাছের নিচে বসে চৈত্রের শেষ বিকেলে।
বাড়ি থেকে অনেকটা দূরে কথা হবে একদিন,
কথা হবে জ্বলন্ত চিতার সাথে গঙ্গার
অথবা কথা হবে কালী মন্দিরের পাশে বসে তোমার আমার
গ্রাম সীমান্ত অতিক্রম করে
রাড় ভূমির প্রান্ত পেরিয়ে আবার দেখা হবে
হয়তো একদিন আমাদের

Care the Earth

তিলোত্তমা

বনানী সিংহ

Junior Scientific Officer-Pctegis

কথা ছিল সেবার পূজোয় কোন সাউন্ড বক্স বাজবে না, কিন্তু বেজেছে, নেচেছে উলঙ্গ হয়ে
বিশ্রী গানে, তাতে কারোর কিছু আসে যায়নি! কাউকে দেখে তেমন কিছু মনে হয়নি। শা শা শব্দে
চলেছে ট্রেন, বাস, অটো, টোটো, মানুষের ব্রেন। আরও উন্নত হয়েছে কোটি কোটি টাকার প্যাভেল,
হাজার হাজার ওয়ার্ডের আলোতেও দেখা যায়নি তিলোত্তমার মুখ। কোটি কোটি মানুষের হাসিতে
বিলুপ্ত হয়েছে তিলোত্তমার হাহাকার কান্না, কিন্তু কারোর কিছু মনে নেই! ভুলে গেছে সেই কাল রাতের
হিংস্র পশুদের কথা, ভুলে গেলে চলবে না, আমি চাই আবার তোমাদের সেই কথা স্বরণ করিয়ে দিতে।
আমি এসেছি আবার সেই দুখিনী মায়ের অশ্রুর দাবি নিয়ে। আবার আমার সেই কথা মনে পড়ে, যখন
অশ্রুর বদলে রক্ত পড়েছিল চোখ দিয়ে আমি এসেছি আবার, আমার সামনে আগুনের কারাগার,
পিছনে কোটি কোটি মানুষের হাহাকার। এই সময় আমরা থাকবো কি নির্বিকার! নাকি নতুন করে
আবার দেখতে হবে অন্য কোন তিলোত্তমার মুখ! না না আর দেখতে চাই না, কোন অসহায় মায়ের
মুখের কান্না এবার থেকে মায়ের পূজোয় নিরীহ পাঁঠা না দিয়ে বলি ভাই, এই পিশাচ রক্তখেকো
নরপশুদের বলি চাই।।

ধর্ম দ্বন্দ্ব

মোল্লা সাবির

Office Peon-Pctegis

ধর্ম ধর্ম নিয়ে লেগেছে মানুষের দ্বন্দ্ব
এটাই কি প্রকৃত ধর্ম!
ধর্ম নিয়ে আবার অপকর্ম,
এটাই কি প্রকৃত ধর্ম!
কর্ম হল সৎকর্ম যা মানুষের উর্ধে।
যার মনুষ্যত্ব নেই সেই বলে আমার ধর্ম বড়।
ধর্ম হল ঈশ্বরের সৃষ্টি,
আর কিছু মানুষের ঈশ্বর পাওয়ার সৃষ্টি।
তাই ধর্ম নিয়ে মারামারি নয়,
খুন নয়, রক্ত ঝরানো নয়।
মানুষের, জীবে প্রেমই ধর্ম।
ছোট, বড় ধর্ম ঈশ্বরেরই সৃষ্টি।
আর মানুষের ধর্ম ধর্ম নয়।
আসল ধর্ম হলো ঈশ্বরের।
কেউ গাছকে, কেউ মাটিকে,
কেউ মানুষকে, কেউ মাটির প্রতিমাকে,
কেউ সূর্যকে, কেউ চাঁদকে
ঈশ্বর বলে এইগুলো ঈশ্বর নয়।
ঈশ্বর হল এক।
যা মানুষই সৃষ্টি করেছে ভিন্ন ঈশ্বর,
তাই হিংসা মারামারি নয়,
মনুষ্যত্বই ধর্ম।

বিচার

মনিদীপা সরকার

Junior Research Fellow-Pctegis

সকাল থেকেই ওয়েদারটা আজ মেঘলা মেঘলা, হালকা হালকা করে বৃষ্টি হচ্ছে মাঝে মাঝেই। বৃষ্টির কারণে চন্দ্রিমার বাবাও ঘর থেকে বেরোতে পারেনি। চন্দ্রিমাদের বাড়ির অবস্থা সেরকম ভালো নয়। বাবা বড়বাবুদের জমিতে চাষ করে যা ইনকাম করে তাতেই তাদের সংসার চলে। পুরুলিয়ায় জমির উর্বরতা সেরকম ভালো না হওয়ায় চাষআবাদও সেরকম হয় না। চন্দ্রিমা রা দুই বোন, এক ভাই। তার মধ্যে চন্দ্রিমাই বড়। গায়ের রং ভালোই, দুধে আলতা, জন্মের পর পাড়ার লোকে বলত পূর্ণিমার চাঁদ যেমন উজ্জ্বল ঠিক তেমনি তার রূপটি ছিল উজ্জ্বল বর্ণের, সেই ভেবেই তপন বাবু মেয়ের নাম রেখেছিলেন চন্দ্রিমা। পুরুলিয়ার একদম প্রত্যন্ত গ্রামে বাড়ি হওয়ায় চন্দ্রিমাকে কলেজ, টিউশন যেতে হত অনেকটা পথ হেঁটে মেরু রোড এসে বাস ধরতে হয়। সেদিনও তার বিপরীত হয়নি। গ্রামের দিকে একটু বৃষ্টি হলেই কারেন্টের দেখা পাওয়া যায় না। তপনবাবু লন্ঠন জ্বালিয়ে দাওয়াই বসে আছেন, সন্ধ্যা হয়ে গেল মেয়ে এখনো এলো না এই চিন্তা করছেন। আজ বাস আসতে বেশ লেট হয়েছে তখন প্রায় ঘড়িতে সাতটা। গ্রাম মানে পুরো অন্ধকার তাও যদি আবার বৃষ্টি পড়ে তাহলে তো আর কথাই নেই। হনহনিয়ে হাঁটতে হাঁটতে বাড়ি যাচ্ছে চন্দ্রিমা।

ক্রিং ক্রিং ক্রিং!

চন্দ্রিমার কানের সামনে একনাগাড়ে বাজছে সাইকেল রিক্সা ভ্যান এর বেল টা। চন্দ্রিমা ঘুরে তাকাতেই গুটকা খাওয়া লাল লাল দাঁত বার করা লোকটা বলে ওঠে চলুন ম্যাডাম আমি ওই দিকেই যাচ্ছি আপনাকে নামিয়ে দেবো। বৃষ্টির দিন হওয়ায় কোন কিছু না ভেবেই না দেখেই ভ্যান রিক্সায় উঠে বসে চন্দ্রিমা। ভ্যানের ভেতরে আগে থেকেই দুজন বসেছিলেন, তারা দুজন পুরুষ মানুষ নাকি জোয়ান ছেলে সেটা চন্দ্রিমা অন্ধকারে দেখতে পাইনি। চন্দ্রিমা হেডফোনটা কানে দিয়েই গানের সাগরে ডুব দেয়, সামনে এক ব্যক্তি ফোনের ফ্ল্যাস্টা জ্বেলে রেখেছে। ভ্যান রিক্সা যাচ্ছে ধীর গতিতে, সামনে দুজন কিন্তু ফ্ল্যাশের আলোতে চন্দ্রিমার ফুটে ওঠা রূপ যৌবন দেখছে। চোখ দিয়ে মাপছে তাকে, রিক্সা বেশ পুরনো ঝনঝনে হয়ে গেছে আর গ্রামের মাখনের মত রাস্তা তে ভ্যান গাড়ির তালে তালে চন্দ্রিমার শরীরটাও কেঁপে কেঁপে উঠছে। চন্দ্রিমার মত সুন্দরী মেয়েকে এভাবে দেখতে দেখতে গাড়িতে বসে থাকা দুজনের শরীরে শিহরণ জেগে উঠেছে। টাইট প্যান্ট পড়ে রিক্সা ভ্যান এর সিটে বসে থাকতে খুবই অসুবিধা হচ্ছে। সামনে বসে থাকা একজন হাত থেকে ফোন ছেড়ে দিয়ে নিজের শরীরে বোলায়। আরেকজন বলে ওঠে অনেক মেয়ে দেখেছি কিন্তু এরকম মাল দেখিনি। ইতিমধ্যেই চন্দ্রিমা চোখ তুলে তাকাতেই চোখের সামনে নারী লোলুপ দুই ব্যক্তি তার দিকে রাস্কসের ন্যায় দৃষ্টি আকর্ষণ করছে। চন্দ্রিমার গা হাত পা ভয়ে শিহরণ খেলে যায় কারণ এখনো বাড়ি পৌঁছাতে বেশ কিছুটা সময় বাকি। এর মধ্যেই একজন আবার চন্দ্রিমার গা ঘেঁসে এসে বসে একটু বেশি অস্বস্তিকর লাগছে এবার চন্দ্রিমার। কি হলো? সরে বসুন। সামনের লোকটা আস্তে করে বলে ওঠে, "এখন তো শুধু গায়ে উঠে বসেছে আরও অনেক কিছু বাকি"।

চন্দ্রিমা চৈঁচিয়ে বলে ওঠে 'মুখ সামলে কথা বলুন জানোয়ারের দল সব, কোন গ্রাম থেকে আসছেন আপনারা'?

এরকম করলে আমি কিন্তু চাঁচিয়ে লোক ডাকব। হা হা হা এই অন্ধকার রাতে মাঠের ধারে কে তোর কথা শুনবে, এই কথা শুনে চন্দ্রিমা বাইরে মুখ বার করে যখন দেখে তখন অবাক এটা তো তার গ্রামের রাস্তা নয়, এটা তো কোন এক নির্জন মাঠের মাঝে রাস্তা। যেখান থেকে পূর্ণিমার চাঁদ ভালো করে দেখা যাচ্ছে। তারপর চন্দ্রিমার মুখটা পেছন থেকে কে একজন চেপে ধরে, চোখের সামনে অদৃশ্য কোন শক্তি তাকে ধর্ষণ করছে আর অত্যাচার করছে কিন্তু, চন্দ্রিমা কিছুই করতে পারছে না। তার প্রতিরোধ করার কোন ক্ষমতাই আর শরীরে ছিল না। অনেক আকুতি মিনতি করেছিল নিজেকে বাঁচানোর জন্য, কিন্তু বিপরীত মানুষগুলোর মধ্যে যৌনতার লালসা এতটাই বেশি ছিল যে তার কোন কথাই তাদের কানে যায়নি। আস্তে আস্তে কষ্ট সহ্য করতে না পেরে আচ্ছন্ন হয়ে পড়ে চন্দ্রিমা। প্রায় এক দু ঘণ্টা এই অত্যাচার তার ওপর চলেছিল, তখন ঘড়িতে কত সময় হয়েছিল তা তার মনে নেই। গলায় নখের আঁচড়ের দাগে রক্তে গড়িয়ে পড়ছে। চন্দ্রিমার হাত দুটোতে পাঁচটা আঙুলের দাগ প্রায় কালো হয়ে গেছে রক্ত জমে।

ভোর সাড়ে পাঁচটা, গ্রামের দুটো লোক এসে চন্দ্রিমার বাবা অর্থাৎ তপন বাবুকে খবর দেয় তার বাড়ি থেকে মাইল খানেক দূরে এক মাঠের ধারে চন্দ্রিমার অর্ধনগ্ন দেহটা পাওয়া গেছে। ভোরের বেলায় সবাই প্রকৃতির ডাকে সাড়া দিতে যাওয়ার সময় নাকি দেখেছে। কাল সারারাত তপন বাবুর চোখে ঘুম নেই সকাল হলেই ভেবেছিল গ্রামের লোককে জানানাবে কিন্তু তা করতেই এরকম খবর। বাবা যখন বোনকে নিয়ে গিয়ে পৌঁছায় তখন চন্দ্রিমা কে নিয়ে গ্রামের লোকেরা হাসপিটালে গেছে।

কানা ঘুষো শোনা যাচ্ছে গোপন অঙ্গ দিয়ে চাপ চাপ রক্ত বেরোচ্ছিল সেই রক্ত তার চুরিদারের ওড়নাতে অনেকটা লেগে আছে। যখন চন্দ্রিমা কে পাওয়া যায় তখন ওই ওড়নার উপরেই সে শুয়ে ছিল। এরই মধ্যে আবার পাশের গ্রামে সজল রুইদাসের বাড়ির খামারে গ্রামের লোকেরা আগুন লাগিয়ে দিয়েছে। তার ছেলেকে নাকি খুব মারধর করেছে কারণ কিনা তার ছেলের সাথে চন্দ্রিমার ভালো বন্ধুত্ব ছিল। বেচারি যে কিছুই জানে না অথচ সে মার খেয়ে মরছে এই তো অবস্থা।

চন্দ্রিমার টানা ১৩ দিন হাসপিটালে ভর্তি ছিল, তারপর সে আর চোখ ফেলে তাকায়নি। ১৩ দিনের মাথায় চন্দ্রিমার শরীরটা এতটাই খারাপ ছিল যে পুলিশ চন্দ্রিমা থেকে সেরকম কিছুই জিজ্ঞাসা করতে পারেনি, ডাক্তার যেটুকু চিকিৎসার মাধ্যমে বলেছিলেন তাকে গণধর্ষণ করা হয়েছিল, এবং তার শরীরে তিনজন পুরুষের বীর্যর নমুনা পাওয়া গেছে এবং বাঁশের কঞ্চি পাওয়া গেছে। কি পাশবিক অত্যাচার! তপন বাবু অর্থাৎ চন্দ্রিমার বাবাকে বলে উঠেছিলেন ডাক্তার। সামর্থ্য না থাকায় এবং চন্দ্রিমার বোনের কিভাবে বিয়ে হবে এইসব কথা ভেবে, রাজনৈতিক জোর না থাকায় কেসটা আদালত অবধি ওঠেনি।

তবে সেই প্রাচীন কাল থেকেই শুরু হয়েছিল নারীর লজ্জা নিবারণ। কিন্তু এই জিনিসটা আমরা সবাই জানি যে, এই সৃষ্টিতে প্রাণের সৃষ্টির সঙ্গে এইটা ভবিষ্যৎ হয়েছিল যে নারী ও পুরুষের মিলে সৃষ্টি হবে নতুন প্রাণের। একটা সময় আসে যখন এই পৃথিবীতে সমাজের সৃষ্টি হয়। আর এই সমাজ নামক বস্তুটি মানুষকে যেমন সহনশীল করতে শিখিয়েছে তেমনি লালসা কি জিনিস তাও বুঝতে শিখিয়েছে। কিন্তু এমন কথা ছিল কি যে

এক লিঙ্গ অপর লিঙ্গের লালসার শিকার হবে?

এরকম কত গ্রামের কেস হয়, রাস্তার ধারে পড়ে থাকা ভিখারিদের সাথে এরকম কত অত্যাচার হয়। কই কটা কেস আমাদের সংবাদমাধ্যমে আসে? শুধু এরা কেন কত ঘরে ঘরে কত কর্পোরেট অফিসে আরো কত কি। কিন্তু কেউ কেউ এই সো কল সোশ্যাল মিডিয়াতে প্রচুর ভাইরাল হয়, তাদের উদ্দেশ্যে আমরা এত পথ অবরোধ করি কত সংগঠন করি কত মোমবাতি মিছিল হয়। এই মোমবাতির মিছিলে

সামিল হয় নারী-পুরুষ নির্বিশেষে। পুরুষ মাত্রই হিংসাত্মক এটা বলা ভুল এক্ষেত্রে নন্দিনীদের কথাকে আমি সাপোর্ট করি। কিন্তু এত উন্নত বৈজ্ঞানিক রাজনৈতিক যুগের বাস করেও দিল্লির মতো রাজধানীতে নির্ভয়া কান্ড (১৬ ডিসেম্বর ২০১২) বিতীষিকাময় একটা রাত। যার বিচার হয় (২০ মার্চ ২০২০)। এত নিঃসংশ ভাবে যে মেয়েটাকে হত্যা করা হলো তার বিচার হতে সময় লাগলো ৬ টা বছর। ভাবা যায়? কলকাতার এত বড় হাসপাতাল আরজি কর-এ তিলোত্তমার ঘটনা (৯ আগস্ট ২০২৪) গোটা সোশ্যাল মিডিয়া তোলপাড় এতো প্রতিবাদ, এত মিছিল বছর ঘুরতে চলল কোন বিচার নেই। অথচ সেই রাজ্যের মুখ্যমন্ত্রী একজন নারী। তিলোত্তমার বাবা মা বাবা ছাড়া হয়তো এখন অনেকের মধ্যেই স্মৃতি মলিন হয়ে এসেছে। অনেকেই সোশ্যাল মিডিয়াতে পোস্ট করে না প্রতিবাদী মিছিলে যোগ দেয় না হাসপাতালে রোগীও যাচ্ছে চিকিৎসা ও হচ্ছে কিন্তু বিচার হচ্ছে না।

এত বড় বড় শহরে এত ভালো অবস্থা ঘরের নারীদের যদি এরকম হয়, প্রত্যন্ত গ্রামে কোন নারীর সাথে, কোন পাঁচ বছরে শিশুদের সাথে যখন এরকম হয় তখন সোশ্যাল মিডিয়া মোমবাতির মিছিল প্রতিবাদ এই সব তো অনেক দূরে থাক রাজনৈতিক চাপ সমাজের লজ্জা। সবচেয়ে বড় কথা হলো আর্থিক অবস্থার কাছে বাবা-মা রাও হার মেনে যায়। চন্দ্রিমা সাথেও এরকমই হয়েছিল।

একদল বলে" সব আঘাতের প্রতিশোধ নিতে নেই। কিছু আঘাতের বিচার ওপরওয়ালার কাছে ছেড়ে দিতে হয়" এই তো দেশের অবস্থা।

"এখনো এদেশ স্বাধীন হয়নি যেন

সরস্বতী নিরাপত্তা কই

আজকে শুলে চড়ুক খুনির দেহ

আমাদের দিদি বোনের রক্তের বিচার চাই"

Care the Earth

বাবা

বিবেকানন্দ গড়াই

Junior Research Fellow-Pctegis

ফ্রেমে বাঁধিয়ে রাখার মত বাবার সাথে

আমার,

কোন ছবি নেই ...

বাবাকে আমি কখনো গাছের সাথে তুলনা করতে পারিনি।

মাঝে মাঝে ভীষণ আগুন জ্বলে আমাদের ঘরে

মা থাকে না, ঠাকুমা থাকে না,

আমি... আমি... আমি একা

ভাঙা কাঁধ নিয়ে পড়ে থাকি।

সেদিনও,

বাবা আগুন নিভিয়ে দিতে এগিয়ে আসেনি

বরঞ্চ আমার ভাঙা কাঁধ নতুন করে গড়ে দিয়ে শিখিয়ে দেন,

কিভাবে পুড়তে হয়।

ঠক ঠক ঠক

কিরণ সৌ

Senior Research Fellow-Pctergis

সবেমাত্র মাধ্যমিক পাস করে বোলপুর এসেছি। এখানে এসে আমি ক্লাস ইলেভেনে ভর্তি হয়েছি। বাড়ি যেহেতু এখান থেকে দূরে তাই এখানেই একটা মেস ভাড়া করে থাকতে লাগলাম। মেসটা আমাদের বোলপুরে বাইপাসে বাস স্ট্যান্ড থেকে কাছে, জায়গাটা বেশ ভালো এবং সেখানকার দাদারাও। আমরা মেসে থাকতাম পাঁচজন দেবুদা, চিন্ময় দা, গাবুদা, আমি আর দাঁড়াক নাথ। আমি আর দাঁড়াকা থাকতাম একটা রুমে আর বাকিরা আলাদা।

দিন বেশ ভালোই যাচ্ছিল কিন্তু একদিন সবাই কোনো না কোনো কাজে বাড়ি গেছিল। আমি ছিলাম সেদিন একা। আমাদের মেসের পাশে আরেকটি মেসে ছিল। সন্ধ্যা থেকে সেদিন আমি সেখানেই ছিলাম আর সেখানে গল্পের চর্চা ছিল ভূত। প্রায় রাত ন'টা পর্যন্ত ভূতের গল্প করে আমি আমার নিজের রুমে ফিরলাম, রাতের খাওয়া দাওয়া সেখানেই করেছিলাম। রুমে এসে দেরি না করে আমি শুয়ে পড়লাম। কিছুক্ষণ পর রুমের মধ্যে ঠক ঠক করে শব্দ হতে লাগলো। শব্দ শুনে আমি চমকে উঠলাম এবং সংজ্ঞা ফিরে পাওয়ার পর টর্চ নিয়ে আমি এদিক-ওদিক দেখতে লাগলাম। কিন্তু কিছুই দেখতে পেলাম না তাই আবার শুয়ে পড়লাম, কিন্তু কিছুক্ষণ পর আবার সেই একই শব্দ ঠক ঠক ঠক। এবার আমি বেশ ভয় পেলাম। আবারো মনে সাহস যুগিয়ে চারদিক দেখতে লাগলাম



চিত্র-রামানন্দ বসাক

কিন্তু কোথাও কিছুই নেই। এরপর আমি মনে মনে রাম নাম যপ করতে করতে শুয়ে পরলাম কিন্তু কিছুক্ষণ পর আবার সেই একই শব্দ। এবার আমি প্রচণ্ড ভয়ে কাঁপতে লাগলাম। এবার আমি রাম নাম যপ করতে করতে উঠে বসলাম এবং রুমের লাইটস জ্বেলে ফেললাম। তখন দেখি আমার খাটের নিচে একটা জলের বোতল পড়ে আছে সেটাই জল নেই একদম খালি। আর ফ্যানের হাওয়াতে সেটি নড়ছে আর খাটের পায়েতে ধাক্কা লাগছে। আর শব্দ হচ্ছে ঠক ঠক ঠক।

সে তো একজন পুরুষ

শুভ্রাংশু মজিলা

Junior Field Assistant-II – Pctegis

“পুরুষ” - যার গল্প কেউ শোনে না
সে জন্মায় আর শেখে
তুই মেয়ে না যে কাঁদবি!
তাই ছোটবেলা থেকেই ও শিখে যায়
কিভাবে কান্না চেপে রাখতে হয়
কিভাবে ভাঙা মন নিয়ে ঠিকঠাক হেসে যেতে হয়
সে বড় হয়
স্বপ্ন ছিল হয়তো গান গাওয়ার,
ছবি আঁকার, বই লেখার
কিন্তু বাস্তব বলে
“ওরে আগে টাকা রোজগার কর”।
স্বপ্ন তখন ধীরে ধীরে ফিকে হয়ে যায়,
তবু যদি ভুল করে তাকেই দোষী হতে হয়,
কারণ সবাই ভাবে,
“পুরুষ তো ভালবাসায় সিরিয়াস হয় না!”
সে বাবা হয়, ভাই হয়, বন্ধু হয়
প্রতিটি সম্পর্কে সে নিঃশব্দ ভরসা,
সে নিজে কাঁদে না
কিন্তু কারো চোখে জল এলে
পুরো পৃথিবীর সাথে লড়তে পারে।
তার কষ্ট, তার হতাশা
সব যেন কখনো গুরুত্বপূর্ণই নয়.

কারণ সে একজন পুরুষ
তাকে শক্ত হতে হবে সবসময়
কেউ জিজ্ঞেস করে না
তুই কেমন আছিস?
কারণ মানুষ ধরে নেয়
সে তো পুরুষ
তাকে তো ঠিক থাকতেই হবে
কিন্তু রাতের বেলা,
যখন আলো নিভে যায়
তখন সেই পুরুষ
একা বিছানায় শুয়ে ভাবে
আমারও তো ইচ্ছে করে
কেউ একটু আমাকে জড়িয়ে ধরে বলুক,
আমি তো আছি, চিন্তা কি ভয় কি?
হ্যাঁ
আমিই সেই পুরুষ

তোমার অপেক্ষায়

শ্রীমতি শিপ্রা মন্ডল

তোমায় আমি চেয়েছিলাম একটু ভালবাসতে।

তাইতো শুধু চেয়েছিলাম একটু কাছে আসবে।।

খুঁজে নিয়ে একটু জায়গা তোমার হৃদয় মাঝে।

ভেবেছিলাম করব সাথী আমার সকল কাজে।।

জীবন নদীর জোয়ার ভাটায় তোমায় নিয়ে সাথে।

চলবো আমি উচ্চস্বরে তোমার দেখানো পথে।।

তোমার ছোঁয়ায় দেখব আমি নতুন দিনের আলো।

ভালোবাসার সূর্য দিয়ে মুছে দেবো কালো।।

মনের মধুর আশা নিয়ে আমার পানে চেয়ে।

বললে- "তোমায় ভালোবাসি মোর স্বপ্নের মেয়ে"।।

একদিন তাই সাহস করে বললাম আমি তোমায়।

সুখ দুঃখের সাথী করে আপন করো আমায়।।

কিন্তু একি! সেদিন তুমি ফিরিয়ে নিলে মুখ।

নিজের কথায় ভাবলে শুধু আমায় দিলে দুখ ।।

এক নিমিষে ভেঙে গেল যত স্বপ্ন-আশা।

তাহলে কি ব্যর্থ হল আমার ভালোবাসা?

তোমায় আমি বাসবো ভালো সারা জীবন ধরে।

মনের মনিকোঠায় তোমায় রাখবো যত্ন করে।।

কোনদিনও ভুলবো না যে তোমার ওই মুখ।

তোমার ভালবাসায় সেটা আমার স্বর্গসুখ।।

হয়তো তুমি কখনো এসে বলবে আমায় ডেকে।

কেউ তোমায় বাসেনি ভালো বেশি আমার থেকে।।

আজও তোমায় ভালোবাসি, তোমার ভালো চাই।

অপেক্ষাতেই রইলাম যদি আবার জন্ম পাই।।

চিত্রকলা-১

সৌরভ দত্ত


Assistant Senior Scientific Officer-Pctegis




চিত্রকলা-২



রামানন্দ বসাক

Junior Research Fellow-Pctegis



Care the E






शायरी

Shri Biswajit Ghosh

Senior Scitific Officer, Pctegis

के प्यार में लोग आज कल इतने बदलने लगे
के प्यार मे लोग आज कल इतने बदलने लगे...
कल तक जो उसे रेड लाइट के रानी बुलाती थी, आज उससे ही मोहब्बत करने लगे।




Photography by- Shri Biswajit Ghosh

Photography

Koushik Mondal (Sr.)

Senior Research Fellow-Pctegis



7 sister falls captured by koushik Mondal



Umiam Lake, shilong captured by koushik Mondal

Archana Institute of Technical Education & Research

A Govt. of West Bengal registered ISO 9001:2015 certified and International Accreditation

Organization (U.S.A.) accredited Technical Training Institute



Limited
Seats!!!
Hurry!!!

Admission
Going on

Get Admission in Courses like:-

- Junior Certificate Course in Surveying Technology (JCST); Duration: 12 months; Course Fees: 15,000. Installment facilities Available
- Senior Certificate Course in Surveying Technology (SCST); Duration: 24 months; Course Fees: 35,000. Installment facilities Available
- Certificate Course in Amin Survey (CAS); Duration: 06 months; Course Fees: 10,000. Installment facilities Available
- Crash Course in Surveying Technology (only E.T.S & GPS); Duration: 03 months; Course Fees: 10,000. Installment facilities Available
- Junior Certificate Course in Geographical Information System & Survey (JCIST); Duration: 12 months; Course Fees: 25,000. Installment facilities Available
- Diploma in Geographical Information System & Surveying Technology (DGIST); Duration: 24 months; Course Fees: 55,000. Installment facilities Available
- Post Graduate Diploma in Geographical Information System; Duration: 12 months; Course Fees: 35,000. Installment facilities Available

Contact us: 3/14; K.B.G. Sarani, Prantik Township; Santiniketan, Birbhum, West Bengal, Mobile: +91-9434128034; +91-7076456367; +91-8116166753; +91-8927783813; email: cso.pctegis@gmail.com ; Website: www.pcte.co.in

Schemes under Prantik Care The Earth (PCTE):

- ❖ **PCTE Yuvashree- Financial Assistance to Boys Students -7 Students**
- ❖ **PCTE Kanyashree- Financial Assistance to Girls Students - 7 Students**
- ❖ **"Youbon" – Cultural / Sports Activities -4 Persons**
- ❖ **"Chinmoyee" Scheme – Financial Assistance to Purchase Swing Machines- 5 Persons**
- ❖ **"Annakut" – Rice Grant – 100 Persons**
- ❖ **"Sneher Porosh" – Blanket Grant – 25 Persons**
- ❖ **"Mayer Dewa Mota Kapor" – Cloths Grant- 250 Persons**
- ❖ **Shoisob– Educational Grant-5 Persons**

